



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,

ঢাকা-১২০৭।


www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.২৬৬

তারিখ: ০৩ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

facebook ও youtube live অনুষ্ঠানে অংশগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

শিল্পায়ন, প্রযুক্তিনির্ভর অর্থনীতি এবং চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ মানবসম্পদ গঠন এখন সময়ের অন্যতম প্রধান দাবি। এ প্রেক্ষাপটে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) দেশের তরুণ প্রজন্মের জন্য কর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা উন্নয়ন, উচ্চশিক্ষায় অগ্রসর হওয়ার সুযোগ (Higher Education Pathway) এবং আত্মনির্ভরশীলতা অর্জনের একটি কার্যকর মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। তদুপেক্ষিতে, বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার “সবার জন্য কারিগরি শিক্ষা” বাস্তবায়নের অংশ হিসেবে কারিগরি শিক্ষার সুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং শিক্ষার্থী ভর্তিতে উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক খুলনা বিভাগের এইচএসসি (বিএমটি) ও এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের পরীক্ষা কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট অংশীজনদের সমন্বয়ে একটি সেমিনার আগামী ১৯ জুন, ২০২৬ খ্রি. তারিখ রোজ: শুক্রবার সকাল ৯.০০ ঘটিকা হতে প্রকৌশলী মো: রুহুল আমিন, চেয়ারম্যান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর সভাপতিত্বে খুলনা মহিলা কলেজ, বয়রা, খুলনা-এর সেমিনার হলে অনুষ্ঠিত হবে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে জনাব রকিবুল ইসলাম, এমপি, মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ এবং বিশেষ অতিথি হিসেবে জনাব নজরুল ইসলাম মঞ্জু, মাননীয় প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন; মিজ রেহানা ইয়াছমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; জনাব মো: আবদুল্লাহ হারুন, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা; মিজ.হরে জান্নাত, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা; জনাব মো: আল মাসুদ করিম, সচিব (উপসচিব), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা; প্রকৌ. অনিমেশ পাল, অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা এবং আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা, উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সেমিনার অনুষ্ঠান facebook live আগামি ১৯ জুন, ২০২৬ খ্রি. তারিখ রোজ: শুক্রবার সকাল ৯.০০ ঘটিকা হতে বোর্ডের facebook পেজ <https://www.facebook.com/bteb.official> এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত facebook live অনুষ্ঠানে উল্লেখিত লিংকের মাধ্যমে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী/অভিভাবক ও সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণকে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানানো হলো।


মোঃ আল মাসুদ করিম

সচিব (উপসচিব)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং-০২-৫৫০০৬৫২২


ইমেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.২৬৬(০৫)

তারিখ: ০৩ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ (সরকারি/বেসরকারি)।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। নথি।


প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)

ইমেইল: btebcddiploma@gmail.com